**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# কোভিড-19 এর বিরুদ্ধে স্টেটের লড়াইয়ে অগ্রগতি সম্পর্কে গভর্নর হোকল ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেন

***গভর্নর নিউ ইয়র্কবাসীদের COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষিত থাকা ও চিকিৎসা করানোর জন্য সরঞ্জামগুলোর ব্যবহার অব্যাহত রাখতে উৎসাহিত করেছেন: টিকা, বুস্টার, পরীক্ষা ও চিকিৎসা***

***8 ডিসেম্বরে স্টেট ব্যাপী 20 জনের মৃত্যু সম্পর্কে রিপোর্ট করা হয়েছে***

কোভিড-19 এর বিরুদ্ধে লড়াইয়ে স্টেটের অগ্রগতি সম্পর্কে গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীকে আপডেট দিয়েছেন এবং শরৎ ও শীতের মৌসুমে আরো বেশি করে দেখা দেওয়া ভাইরাসজনিত সংক্রমণের বিস্তার থেকে সুরক্ষিত থাকার জন্য তারা গ্রহণ করতে পারেন এমন প্রাথমিক পদক্ষেপগুলো বর্ণনা করেছেন৷

"শ্বাস-প্রশ্বাসজনিত অসুস্থতা আমাদের স্টেটে ছড়িয়ে পড়া অব্যাহত রয়েছে, আমি সব নিউ ইয়র্কবাসীদের প্রতি নিজেদেরকে, তাদের প্রিয়জনদেরকে, এবং তাদের কমিউনিটিকে নিরাপদ ও সুস্থ রাখার জন্য সতর্ক থাকতে এবং লভ্য সব হাতিয়ারের ব্যবহার অব্যাহত রাখতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "এই ছুটির মৌসুমে টিকার ডোজগুলো নিয়ে হালনাগাদ থাকুন, এবং সমাবেশ বা ভ্রমণ করার আগে পরীক্ষা করুন৷ যদি আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তাহলে চিকিৎসার সম্ভাব্য অপশনগুলো সম্পর্কে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।"

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে সাধারণ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সনির্বন্ধভাবে অনুরোধ জানাচ্ছেন - যেমন টিকা নিয়ে হালনাগাদ থাকা এবং সঠিক স্বাস্থ্যবিধি অনুশীলন করা - রেসপিরেটরি সিনসাইশিয়াল ভাইরাস (Respiratory Syncytial Virus, RSV), ফ্লু এবং কোভিড-19 থেকে সুরক্ষিত থাকতে এবং স্থানীয় হাসপাতালগুলিতে রোগীর বোঝা কমাতে। গতকাল, গভর্নর নিউ ইয়র্কবাসীদের স্টেটের শীতকালীন স্বাস্থ্য প্রস্তুতির প্রচেষ্টা সম্পর্কে আপডেট করেছেন।

এই সপ্তাহে, যুক্তরাষ্ট্রের খাদ্য ও ঔষধ প্রশাসন ছয় মাস বা তার বেশি বয়সী শিশুদের জন্য কোভিড-19 এর বিরুদ্ধে সুরক্ষা বাড়ানোর জন্য বাইভ্যালেন্ট বুস্টার শট পাওয়ার পথও উন্মুক্ত করেছে। আগে, এসব শট শুধু 5 বছর বা তার বেশি বয়সের শিশুদের জন্য উপলভ্য ছিল।

এই সপ্তাহে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ একটি নতুন রিপোর্ট প্রকাশ করেছে যেটি দেখায় যে নিউ ইয়র্ক জুড়ে ল্যাবের মাধ্যমে নিশ্চিত করা ফ্লু-এর কেস এক সপ্তাহ থেকে পরবর্তী সপ্তাহে 64 শতাংশ বেড়েছে এবং হাসপাতালে ভর্তি হওয়া রোগীর সংখ্যা এক সপ্তাহ থেকে পরবর্তী সপ্তাহে 58 শতাংশ বেড়েছে। ইনফ্লুয়েঞ্জার কেস এখন স্টেট জুড়ে 62টি কাউন্টির সবগুলোতে শনাক্ত হয়েছে, এটি নিউ ইয়র্কবাসীদের এমন পদক্ষেপ এবং সতর্কতা গ্রহণের প্রয়োজনীয়তা তুলে ধরে যা শিশুদের এবং প্রাপ্তবয়স্কদের জন্য গুরুতর অসুস্থতার ঝুঁকি কমিয়ে আনবে।

এছাড়াও গভর্নর হোকল এর আগে একটি জনসচেতনতামূলক প্রচারাভিযান চালু করেছেন যেখানে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট তিনটি ভাইরাস সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের সাথে সরাসরি কথা বলছেন - যেগুলো এখন অনুরূপ লক্ষণসহ স্টেটে ছড়িয়ে পড়ছে এবং গুরুতর অসুস্থতার কারণ ঘটানোর সম্ভাবনা রয়েছে। নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) কর্তৃক তৈরিকৃত, ভিডিওগুলোর মধ্যে রয়েছে পিতামাতার উদ্দেশ্যে বানানো একটি ছোট ক্লিপ এবং একটি দীর্ঘতর সংস্করণ এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের উদ্দেশ্যে বিশেষভাবে বানানো একটি সংস্করণ।

গভর্নর নিউ ইয়র্কবাসীদেরকে তাদের বাইভালেন্ট কোভিড-19 টিকার বুস্টার নেওয়ার জন্যেও আহ্বান জানান। বুস্টারের জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে, নিউ ইয়র্কবাসীরা তাদের স্থানীয় ফার্মেসি, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, বা স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করা উচিত; কাছাকাছি অবস্থানগুলো খুঁজতে vaccines.gov ওয়েবসাইট ভিজিট করুন; জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করুন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করুন।

সেইসাথে, নিউ ইয়র্ক জুড়ে ফ্লু-এর মৌসুম ছড়িয়ে পড়ার সাথে সাথে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে তাদের বার্ষিক ফ্লু-এর টিকা নিতে উৎসাহিত করছেন। ফ্লু ভাইরাস ও কোভিড-19 সৃষ্টিকারী ভাইরাস উভয়ই ছড়িয়ে পড়ছে, তাই সুস্থ থাকার জন্য এবং স্বাস্থ্যসেবা ব্যবস্থার ওপর অতিরিক্ত চাপ এড়াতে উভয়ের বিরুদ্ধে টিকা নেওয়াই সেরা উপায়।

স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ তাদের বার্ষিক পাবলিক এডুকেশন ক্যাম্পেইন অব্যাহত রেখেছে, যা প্রাপ্তবয়স্কদের এবং পিতামাতাদের নিজেদের জন্য এবং 6 মাস বা তার বেশি বয়সী শিশুদের জন্য ফ্লু ও কোভিড-19 টিকা নেওয়ার কথা মনে করিয়ে দেয়। ইংরেজি এবং স্প্যানিশ উভয় ভাষায় বিজ্ঞাপন গত মাসে চালু হয়েছে।

ফ্লু-এর টিকা গ্রহণের ক্লিনিকগুলো সম্পর্কে তথ্যের জন্য, স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করুন অথবা ভিজিট করুন vaccines.gov/find-vaccines/।

আজকের তথ্য সংক্ষেপে নিচে তুলে ধরা হলো:

- **প্রতি 100 হাজারে কেসের সংখ্যা** - 32.71

- **প্রতি 100 হাজারে কেসের সংখ্যার 7-দিনের গড়** - 27.14
- **রিপোর্ট করা পরীক্ষার ফলাফল** - 89,935
- **মোট পজিটিভ** - 6,392
- **পজিটিভের শতকরা হার -** 6.48%**
- **7-দিনে পজিটিভের গড় শতকরা হার** - 6.41%**
- **হাসপাতালে ভর্তি হওয়া রোগী** - 3,457 (+38)
- **নতুন ভর্তি হওয়া রোগী** - 579
- **ICU-তে রোগী ভর্তি** - 325 (+22)
- **ICU-তে ইনটিউবেশনসহ রোগী** - 125 (+13)
- **মোট ডিসচার্জ -** 371,392 (+534)
- **HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত নতুন মৃত্যু** - 20
- **HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত মোট মৃত্যু** - 59,709

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়।

হেলথ কেয়ার ইলেকট্রনিক রেসপন্স ডেটা সিস্টেম (Health Electronic Response Data System, HERDS) একটি NYS DOH ডেটা উৎস যা দৈনিক নিশ্চিত মৃত্যুর ডেটা সংগ্রহ করে যা কেবল হাসপাতাল, নার্সিং হোম এবং প্রাপ্তবয়স্কদের পরিচর্যার ফেসিলিটিগুলি জানে।

**গুরুত্বপূর্ণ টীকা:** সোমবার, 4 এপ্রিল থেকে ফেডারেল স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ (Department of Health and Human Services, HHS) কোভিড-19 র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা পদ্ধতি ব্যবহার করছে এমন পরীক্ষা কেন্দ্রগুলোর জন্য নেগেটিভ ফলাফল সম্পর্কে রিপোর্ট করার বাধ্যবাধকতা তুলে নেওয়ার বিষয়টি কার্যকর করেছে। এর ফলে, নিউ ইয়র্ক স্টেটের শতকরা পজিটিভ ফলাফলের মেট্রিক্স শুধু ল্যাবের রিপোর্ট করা PCR ফলাফলগুলো ব্যবহার করে হিসেব করা হবে। ইতিবাচক অ্যান্টিজেন পরীক্ষা তাও নিউ ইয়র্ক স্টেটকে রিপোর্ট করা হবে এবং নতুন দৈনিক কেস এবং প্রতি 100 হাজার কেসের রিপোর্টে PCR এবং অ্যান্টিজেন পরীক্ষাগুলি অন্তর্ভুক্ত করা অব্যাহত রাখা হবে। এই পরিবর্তন এবং পরীক্ষা করার রীতি পরিবর্তন হওয়া সহ অন্যান্য বিষয়ের কারণে, কোনো কমিউনিটির উপর ভাইরাসের প্রভাব পরিমাপের জন্য সব চেয়ে নির্ভরযোগ্য মেট্রিক হলো প্রতি 100,000 এর মধ্যে কেসের সংখ্যার ডাটা - ইতিবাচকতার শতাংশ নয়।

- **CDC-এর মাধ্যমে রিপোর্টকৃত ও সংকলিত মোট মৃত্যু** - 76,063

NYS DOH ও NYC দ্বারা CDC এর কাছে রিপোর্টকৃত এই দৈনিক কোভিড-19 এর সাময়িক ডেথ সার্টিফিকেটের তথ্যে হাসপাতাল, নার্সিং হোম, প্রাপ্তবয়স্কদের সেবাসদন, বাড়ি, হসপিস ও অন্যান্য স্থানগুলি সহ যেকোনো স্থানে মারা যাওয়া ব্যক্তিরা অন্তর্ভুক্ত আছেন।

- **মোট প্রয়োগ করা টিকার ডোজ** - 43,023,720
- **গত 24 ঘণ্টায় মোট প্রয়োগ করা টিকার ডোজ** - 22,541
- **গত 7 দিনে মোট প্রয়োগ করা টিকার ডোজ** - 146,071
- **18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন -** 85.2%
- **18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন (CDC)** - 90.1%
    - **18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছেন -** 13.0%

- **12-17 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন - 74.3%**
- **12-17 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন (CDC) - 75.9%**
- **12-17 বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছেন -** 4.6%
- **5-11 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছে -** 39.6%
- **5-11 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সিরিজ সম্পূর্ণ করেছেন (CDC)** - 40.4%
- **5-11 বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছে -** 2.2%
- **0-4 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন (CDC) -** 6.5%
- **0-4 বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছে -** 6.5%

- **সকল নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সম্পূর্ণ ডোজ পেয়েছেন** - 76.2%
- **সকল নিউইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সিরিজ সম্পূর্ণ করেছেন (CDC)** - 80.2%
- **সকল নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছেন -** 11.1%

প্রতি 100K জনসংখ্যার প্রতিটি অঞ্চলের 7-দিনের কেসের গড় নিম্নরূপ:

| **অঞ্চল** | **মঙ্গলবার, 6 ডিসেম্বর, 2022** | **বুধবার, 7 ডিসেম্বর, 2022** | **বৃহস্পতিবার, 8 ডিসেম্বর, 2022** |
|---|---|---|---|
| Capital Region | 14.06 | 13.54 | 13.50 |
| Central New York | 9.97 | 9.98 | 10.19 |
| Finger Lakes | 11.42 | 10.90 | 11.32 |

| | | | |
|---|---|---|---|
| Long Island | 42.72 | 41.43 | 41.31 |
| Mid-Hudson | 27.91 | 27.32 | 28.09 |
| Mohawk Valley | 11.13 | 11.72 | 11.92 |
| New York City | 33.96 | 33.07 | 33.09 |
| North Country | 12.89 | 12.07 | 11.97 |
| Southern Tier | 17.06 | 15.50 | 15.35 |
| Western New York | 9.43 | 9.35 | 9.66 |
| **স্টেট ব্যাপী** | **27.77** | **27.01** | **27.14** |

গত তিন দিনে রিপোর্ট করা প্রত্যেক অঞ্চলের 7-দিনের পরীক্ষার পজিটিভ ফলাফলের গড় শতকরা হার নিচে দেওয়া হয়েছে**:

| **অঞ্চল** | **মঙ্গলবার, 6 ডিসেম্বর, 2022** | **বুধবার, 7 ডিসেম্বর, 2022** | **বৃহস্পতিবার, 8 ডিসেম্বর, 2022** |
|---|---|---|---|
| Capital Region | 6.02% | 6.00% | 5.85% |
| Central New York | 3.78% | 3.68% | 3.86% |
| Finger Lakes | 4.52% | 4.38% | 4.68% |
| Long Island | 8.69% | 8.73% | 8.61% |
| Mid-Hudson | 5.89% | 5.94% | 5.86% |
| Mohawk Valley | 4.00% | 4.39% | 4.27% |
| New York City | 6.71% | 6.69% | 6.45% |
| North Country | 5.63% | 5.09% | 4.83% |
| Southern Tier | 6.23% | 5.93% | 5.76% |
| Western New York | 6.58% | 6.88% | 6.84% |
| **স্টেট ব্যাপী** | 6.57% | 6.56% | 6.41% |

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়।

গত তিন দিনে রিপোর্ট করা প্রতিটি নিউ ইয়র্ক সিটি বরোর 7-দিনের পরীক্ষার পজিটিভ ফলাফলের গড় শতকরা হার নিচে দেওয়া হয়েছে **:

| NYC এর বরো | মঙ্গলবার, 6 ডিসেম্বর, 2022 | বুধবার, 7 ডিসেম্বর, 2022 | বৃহস্পতিবার, 8 ডিসেম্বর, 2022 |
|---|---|---|---|
| Bronx | 8.04% | 7.86% | 7.78% |
| Kings | 5.02% | 5.02% | 4.65% |
| New York | 6.68% | 6.59% | 6.69% |
| Queens | 8.89% | 8.93% | 8.88% |
| Richmond | 6.05% | 6.36% | 5.99% |

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (Department of Health and Human Services, HHS) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়।

গতকাল, নিউ ইয়র্ক স্টেটে 6,392 জন নিউ ইয়র্কবাসী কোভিড-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল পেয়েছেন, যা মোট আক্রান্তের সংখ্যাকে 6,330,196 জনে উন্নীত করেছে। একটি ভৌগলিক বিশ্লেষণ নিম্নরূপ:

| কাউন্টি | মোট পজিটিভ | নতুন পজিটিভ |
|---|---|---|
| Albany | 76,023 | 41 |
| Allegany | 10,462 | 2 |
| Broome | 56,711 | 38 |
| Cattaraugus | 18,717 | 2 |
| Cayuga | 19,751 | 9 |
| Chautauqua | 28,520 | 17 |
| Chemung | 25,985 | 15 |
| Chenango | 11,500 | 2 |
| Clinton | 21,710 | 13 |
| Columbia | 13,208 | 6 |
| Cortland | 12,918 | 9 |

| | | |
|---|---|---|
| Delaware | 9,751 | 6 |
| Dutchess | 80,919 | 91 |
| Erie | 260,547 | 124 |
| Essex | 7,377 | 2 |
| Franklin | 11,731 | 7 |
| Fulton | 16,071 | 14 |
| Genesee | 16,123 | 8 |
| Greene | 10,502 | 4 |
| Hamilton | 1,063 | 2 |
| Herkimer | 16,941 | 3 |
| Jefferson | 25,875 | 19 |
| Lewis | 7,125 | 2 |
| Livingston | 13,965 | 7 |
| Madison | 16,332 | 12 |
| Monroe | 185,619 | 112 |
| Montgomery | 14,567 | 9 |
| Nassau | 523,817 | 626 |
| Niagara | 57,851 | 19 |
| NYC | 2,950,973 | 3,203 |
| Oneida | 66,800 | 22 |
| Onondaga | 138,373 | 57 |
| Ontario | 25,191 | 25 |
| Orange | 132,715 | 216 |
| Orleans | 10,207 | 1 |
| Oswego | 33,419 | 7 |
| Otsego | 12,827 | 4 |
| Putnam | 30,107 | 38 |
| Rensselaer | 40,434 | 17 |
| Rockland | 113,709 | 175 |
| Saratoga | 59,464 | 47 |
| Schenectady | 42,179 | 18 |
| Schoharie | 6,365 | 7 |
| Schuyler | 4,244 | 1 |
| Seneca | 7,375 | 3 |
| St. Lawrence | 25,621 | 9 |
| Steuben | 24,642 | 18 |
| Suffolk | 541,257 | 806 |
| Sullivan | 23,467 | 20 |

| | | |
|---|---|---|
| Tioga | 13,649 | 12 |
| Tompkins | 25,713 | 14 |
| Ulster | 41,189 | 37 |
| Warren | 18,190 | 23 |
| Washington | 15,202 | 14 |
| Wayne | 21,187 | 15 |
| Westchester | 319,983 | 356 |
| Wyoming | 9,727 | 6 |
| Yates | 4,306 | - |

নিচের তথ্য হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের মধ্যে কোভিড-19 এর পরীক্ষায় পজিটিভ হওয়া রোগীদের কতজন কোভিড-19/কোভিড-19 সংক্রান্ত জটিলতার কারণে হাসপাতালে ভর্তি হয়েছেন এবং কতজন কোভিড-19 ব্যতীত অন্য কারণে ভর্তি হয়েছেন তাদের সংখ্যা প্রকাশ করে:

| **অঞ্চল** | **বর্তমানে হাসপাতালে ভর্তি কোভিড-19 রোগীর সংখ্যা** | **কোভিডের কারণে বা কোভিড সংক্রান্ত জটিলতার কারণে ভর্তি** | **কোভিডের কারণে বা কোভিড সংক্রান্ত জটিলতার কারণে ভর্তি রোগীর শতাংশ** | **যেসব রোগী ভর্তির সময়ে ভর্তির কারণ হিসাবে কোভিড উল্লেখ ছিল না** | **যেসব রোগী ভর্তির সময়ে ভর্তির কারণ হিসাবে কোভিড উল্লেখ ছিল না তাদের শতাংশ** |
|---|---|---|---|---|---|
| Capital Region | 113 | 71 | 62.8% | 42 | 37.2% |
| Central New York | 71 | 41 | 57.7% | 30 | 42.3% |
| Finger Lakes | 269 | 62 | 23.0% | 207 | 77.0% |
| Long Island | 723 | 352 | 48.7% | 371 | 51.3% |
| Mid-Hudson | 400 | 172 | 43.0% | 228 | 57.0% |
| Mohawk Valley | 30 | 21 | 70.0% | 9 | 30.0% |
| New York City | 1,595 | 639 | 40.1% | 956 | 59.9% |
| North Country | 45 | 16 | 35.6% | 29 | 64.4% |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Southern Tier | 86 | 32 | 37.2% | 54 | 62.8% |
| Western New York | 125 | 42 | 33.6% | 83 | 66.4% |
| **স্টেট ব্যাপী** | 3,457 | 1,448 | 41.9% | 2,009 | 58.1% |

ওমিক্রন ভ্যারিয়েন্ট বর্তমানে সংক্রমণরত ভাইরাসের 95% এর প্রতিনিধিত্ব করে। ভ্যারিয়েন্ট ট্র্যাকিং সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এখানে ভিজিট করুন: কোভিড-19 ভ্যারিয়েন্ট সংক্রান্ত ডাটা | স্বাস্থ্য দপ্তর (Department of Health (ny.gov))।

গতকাল, কোভিড-19 এর কারণে নতুন মোট 20টি মৃত্যু সম্পর্কে রিপোর্ট করা হয়েছে, যা মোট মৃত্যুর সংখ্যাকে 59,709 জনে উন্নীত করেছে। বসবাসের কাউন্টি অনুসারে, ভৌগলিক ভিত্তিতে বিশদ তথ্য নিম্নরূপ:

| **কাউন্টি** | **নতুন মৃত্যু** |
|---|---|
| Bronx | 2 |
| Columbia | 1 |
| Kings | 2 |
| Montgomery | 1 |
| Nassau | 4 |
| New York | 3 |
| Oswego | 1 |
| Otsego | 1 |
| Queens | 1 |
| Richmond | 1 |
| Rockland | 1 |
| Westchester | 2 |

যেসব নিউ ইয়র্কবাসী 5-11 বছর বয়সী শিশুদের জন্য টিকার অ্যাপয়েন্টমেন্ট নিতে চান তাদেরকে তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেলভাবে যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্র (Federally Qualified Health Centers, FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র, বা যেসব ফার্মেসি এই বয়সদলের জন্য টিকাদান কার্যক্রম পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। মা-বাবা ও অভিভাবকরা কাছাকাছি অবস্থান খুঁজে পেতে ভিজিট করতে পারেন vaccines.gov তাদের জিপ কোড 438829 নম্বরে টেক্সট করতে পারেন বা কল করতে পারেন 1-800-232-0233 নম্বরে। নিশ্চিত করুন যে প্রোভাইডার ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে, যেহেতু এই বয়স দলের জন্য অন্য কোভিড-19 টিকা এখনো অনুমোদিত নয়।

বিশেষভাবে এই বয়সী শিশুদের পিতামাতা ও অভিভাবকদের জন্য নতুন তথ্য, বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি ও উত্তর, ও তথ্যসূত্রের জন্য আমাদের ওয়েবসাইট দেখুন।

টিকা পেয়েছেন এমন নিউ ইয়র্কবাসীদের অঞ্চল অনুসারে নিচে ভৌগলিক ভিত্তিতে ভেঙে দেখানো হয়েছে:

**প্রোভাইডারের অবস্থান অনুযায়ী আঞ্চলিক টিকাগ্রহণের ডাটা**

| | **টিকার সিরিজগুলি সম্পূর্ণ করেছেন এমন ব্যক্তি** | **হালনাগাদ থাকা জনসখ্যা** |
|---|---|---|
| **অঞ্চল** | **ক্রমবর্ধমান মোট** | **ক্রমবর্ধমান মোট** |
| Capital Region | 909,509 | 190,322 |
| Central New York | 615,107 | 122,556 |
| Finger Lakes | 830,102 | 198,943 |
| Long Island | 2,017,430 | 298,028 |
| Mid-Hudson | 1,564,339 | 271,534 |
| Mohawk Valley | 311,091 | 57,622 |
| New York City | 7,434,083 | 749,837 |
| North Country | 284,345 | 54,027 |
| Southern Tier | 418,740 | 87,734 |
| Western New York | 908,599 | 190,529 |
| **স্টেট ব্যাপী** | **15,293,345** | **2,221,132** |

**বুস্টার/বাড়তি শট**

| **অঞ্চল** | **ক্রমবর্ধমান মোট** | **গত 7 দিন ধরে হওয়া বৃদ্ধি** |
|---|---|---|
| Capital Region | 786,331 | 7,335 |
| Central New York | 522,079 | 4,711 |
| Finger Lakes | 827,486 | 8,050 |
| Long Island | 1,771,469 | 17,316 |

| | | |
|---|---|---|
| Mid-Hudson | 1,441,096 | 14,589 |
| Mohawk Valley | 267,768 | 2,495 |
| New York City | 4,554,610 | 44,592 |
| North Country | 243,818 | 2,104 |
| Southern Tier | 372,231 | 3,930 |
| Western New York | 854,565 | 7,340 |
| **স্টেট ব্যাপী** | **11,641,453** | 112,462 |

এই কোভিড-19 ভ্যাকসিন ট্যাকার ড্যাসবোর্ডে নিউ ইয়র্কবাসীদের কোভিড-19 ভ্যাকসিন বিতরণের বিষয়ে আপডেট প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health) টিকাদান কেন্দ্রগুলোকে কোভিড-19 টিকা প্রয়োগের সব তথ্য 24 ঘণ্টার মধ্যে রিপোর্ট করা আবশ্যক করে; এই স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদ ডাটা তুলে ধরার জন্য টিকা প্রয়োগের ডাটা ড্যাশবোর্ডে প্রতিদিন আপডেট করা হয়। NYSIIS এবং CIR থেকে প্রাপ্ত নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) দ্বারা রিপোর্ট করা ডাটার সাথে ফেডারেলভাবে রিপোর্ট করা ডাটার সামান্য পার্থক্য থাকে, যেখানে ফেডারালভাবে প্রয়োগ করা ডোজ এবং অন্যান্য ছোটখাট পার্থক্য অন্তর্ভুক্ত থাকে। উপরের রিলিজটিতে উভয় নম্বরই অন্তভুক্ত আছে।

"হালনাগাদ" থাকা নিউ ইয়র্কবাসীদেরকে অন্তর্ভুক্ত করার জন্য আজকের রিলিজে রিপোর্টকৃত টিকা সংক্রান্ত ডাটা আপডেট করা হয়েছে৷ হালনাগাদ বলতে এমন ব্যক্তিদের মোট সংখ্যা বোঝায় যারা বয়স ও ক্লিনিকাল সুপারিশ অনুযায়ী বাইভ্যালেন্ট বুস্টার সহ কোভিড-19 এর সব টিকা গ্রহণ করেছেন (CDC-এর একনজরে কোভিড-19 টিকা দেওয়ার সময়সূচি)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418